



বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

জনসংযোগ অধিশাখা


তারিখ: ২২ এপ্রিল, ২০১৮

সংবাদ বিজ্ঞপ্তি

নির্বাচনী দায়িত্ব পালনকালে নিহত পুলিশ পরিদর্শক (সঃ) মোঃ মোসলেম উদ্দিন (বিপি ৫৯৭৮০৩০৪২৭) এর পরিবারকে অনুদান বাবদ ৫ লক্ষ ৫০ হাজার টাকা প্রদান করা হয়েছে। আজ মাননীয় প্রধান নির্বাচন কমিশনার জনাব কে এম নূরুল হুদা তাঁর অফিসকক্ষে মৃত মোসলেম উদ্দিন এর কন্যা রেবেকা পারভীন হাসিনার হাতে আর্থিক অনুদানের চেক হস্তান্তর করেন। এসময় জনাব হেলালুদ্দীন আহমদ, সচিব, নির্বাচন কমিশন সচিবালয় উপস্থিত ছিলেন।

জনাব মোসলেম উদ্দিন ২০১৭ সালে জামালপুর জেলার ইসলামপুর উপজেলাধীন চিনাডুলী ইউনিয়ন পরিষদের সাধারণ নির্বাচনে স্ট্রাইকিং ফোর্স হিসেবে দায়িত্বে নিয়োজিত ছিলেন।

নির্বাচনী দায়িত্ব পালনরত অবস্থায় নির্বাচনী কর্মকর্তা বা আইনশৃঙ্খলা রক্ষাকাজে নিয়োজিত কেউ ক্ষতিগ্রস্ত হলে তাদেরকে আর্থিক অনুদান প্রদান করা হয়। দশম জাতীয় সংসদ নির্বাচনসহ পরবর্তী সময়ে বিভিন্ন নির্বাচনে দায়িত্ব পালনকালে ক্ষতিগ্রস্ত ১৬১ জনকে আর্থিক অনুদান বাবদ ১ কোটি ১২ লক্ষ টাকা অনুদান প্রদান করা হয়েছে।


এস এম আসাদুজ্জামান
যুগ্ম সচিব, জনসংযোগ
ফোন: ৫৫০০৭৫২০